



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)




স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০০১.২০২২/৭২৭

তারিখ : ২৫/১০/২০২২ খ্রি.

**বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, College Management Information System (CMIS) সফটওয়্যারে সংরক্ষিত বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্যপদের তথ্যাদির উপর ভিত্তি করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের বদলী/পদোন্নতিসহ চলমান বিবিধ কার্যাদি সম্পন্ন করা হয়। চলমান কার্যাদি নির্ভুল ও সুষ্ঠুভাবে সম্পন্নকরণে College Management Information System (CMIS) সফটওয়্যারে সংরক্ষিত তথ্য হালনাগাদ থাকা অতি জরুরী বিষয় মাধ্যমিক ও উচ্চ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বার বার হালনাগাদ করণের নির্দেশনা প্রদান করা হয়। সর্বশেষ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২৮-০৯-২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫. ২০১৫.৭৩৩ সংখ্যক স্মারকাদেশ মোতাবেক ৪০তম বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের পদায়নের কার্যক্রম সম্পন্ন করণের লক্ষ্যে প্রভাষক পর্যায়ের কর্মকর্তাগণের সৃষ্ট ও শূন্যপদের তথ্যাদি ২৯-০৯-২০২২ তারিখের মধ্যে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়। তদুপরি দর্শনা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা-এ প্রভাষক পর্যায়ের কর্মকর্তাগণের সৃষ্ট ও শূন্যপদের তথ্যাদি হালনাগাদ না করায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০২-১০-২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯. ০০২.২০১৬.৭৪৩ সংখ্যক প্রজ্ঞাপনের ৪ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তার পদায়নের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়েছে। উল্লেখ্য যে, ০২-১০-২০২২ তারিখে সফটওয়্যারে সংরক্ষিত প্রভাষক (ইতিহাস) এর শূন্যপদের বিপরীতে পদায়ন করা হয়েছে।

এমতাবস্থায়, বার বার নির্দেশনা সত্ত্বেও কলেজের বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্যপদের তথ্যাদি হালনাগাদ না করা এবং উল্লিখিত পদায়নের ক্ষেত্রে সৃষ্ট জটিলতার জন্য কেন আপনাকে দায়ি করা হবে না এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে অবহিত করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অনুরোধ করা হলো।

  
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)  
পরিচালক (কলেজ ও প্রশাসন)  
ফোন: ৯৫৬৩৪৩৯

অধ্যক্ষ

দর্শনা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৪) সংরক্ষণ নথি।